


বিজ্ঞপ্তি

২০১৭-১৮ শিক্ষা বর্ষের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তিকৃত প্রথম পর্ব (১ম ও ২য় শিফট) ছাত্র-ছাত্রীদের জানান যাচ্ছে যে, আগামী ০২/০৮/২০১৭ খ্রিঃ তারিখ হতে আগামী ০৭/০৮/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ধার্যকৃত ইনস্টিটিউট ভর্তি ফি বাবদ ৮০৫/- (আটশত পাঁচ) টাকা শিওরক্যাশের মাধ্যমে জমা দিয়ে রেজিস্ট্রার শাখা হতে সীল-মোহরযুক্ত আবেদন ফরম, অঙ্গীকারনামা ও মেডিক্যাল ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করতঃ নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, আগামী ০৭/০৮/২০১৭ খ্রিঃ তারিখের পর কোন টাকা গ্রহণ করা হবে না।

ভর্তি ফরমের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

১। এসএসসি (সাধারণ/ভোকেশনাল/দাখিল ভোকেশনাল)/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র মূল কপি ও ফটোকপি। (২) সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে সে প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্রের সত্যায়িত কপি। (৩) ট্রেড পরীক্ষা পাশের ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র মূল কপি ও ফটোকপি (প্রযোজ্যক্ষেত্রে)। (৪) পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত রঙ্গিন ছবি। (৫) প্রযোজ্য ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র/প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত সনদ/মুক্তিযোদ্ধা সনদপত্র/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সম্পর্কের সনদপত্রের মূলকপি (যাচাই এর পর ফেরতযোগ্য) সহ সত্যায়িত কপি। (৬) প্রযোজ্যক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, এর অধস্তন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের সনাক্তকরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত মূল সনদপত্র ও ফটোকপি।


(মোহাম্মদ মহিদুর রহমান)
অধ্যক্ষ
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
ফেনী।

স্মারক নং- একা/২২৯৪(৭)

তাং- ০১/০৮/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ৩। উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
- ৪। বিভাগীয় প্রধানঃ সিভিল/ ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/ পাওয়ার/ কম্পিউটার/এআইডিটি/ আনুষাংগিক, অত্র ইনস্টিটিউট।
- ৫। রেজিস্ট্রার/ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।
- ৬। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৭। নথি।

(মোহাম্মদ মহিদুর রহমান)
অধ্যক্ষ
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী।